

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল
মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা ২০২০-২০২১

১. কর্মস্থলে সবাইকে অবশ্যই মাস্ক পরিধান, ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার নিশ্চিত করা।
২. প্রতিটি অফিস কক্ষ ও আঙিনা জীবাণুমুক্ত করা।
৩. অফিসের প্রবেশপথে থার্মাল স্ক্যানার বা থার্মোমিটার দিয়ে কর্মকর্তা-কর্মচারীদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করা।
৪. ই-নথি কার্যক্রম জোরদারকরণ।
৫. ভার্চুয়াল /অনলাইন-এ সভা/সেমিনার আয়োজন করা।
৬. অফিস পরিবহনসমূহ ব্যবহারের পূর্বে শতভাগ জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করা।
৭. যানবাহনে বসার সময় পারস্পরিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখার ব্যবস্থা করা।
৮. যানবাহনে যাত্রার পূর্বে এবং যাত্রা শেষে হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করার নির্দেশনা দেয়া।
৯. খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখা।
১০. টয়লেট ব্যবহারের পর প্রতিবার হাত সাবান দিয়ে জীবাণুমুক্তকরণ।
১১. অফিসে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় নিশ্চিতকরণ।
১২. কর্মকর্তা-কর্মচারীদের করোনা প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দেয়া।

   

১৩. স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য ভিজিলেন্স টিম গঠন করা।
১৪. স্বাস্থ্যবিধিগুলো মেনে চলছে কিনা, তা ভিজিলেন্স টিমের মাধ্যমে মনিটরিং করা।
১৫. দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখা।
১৬. কোনো কর্মচারীকে কোভিড-১৯ এর লক্ষণসহ অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আলাদা করে আইসোলেশন বা কোয়ারেন্টাইনে যাবার ব্যবস্থা করা।
১৭. লিফট ব্যবহারে নিরুৎসাহিত করা। নিচে নামার ক্ষেত্রে সিডি ব্যবহারে উৎসাহিতকরণ।

স্বাক্ষর ✓

২১/৭/২০২০
মোঃ এনামুল কাদের খান
পরিচালক